অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অতিরিক্ত 2 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেছেন ইউটিলিটি এনার্জি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ উদ্যোগ তৈরি করার উদ্দেশ্যে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য

নতুন লক্ষ্যমাত্রাগুলি 3,000,000 মেট্রিক টন কার্বন দূষণ হ্রাস করবে – যা নিউ ইয়র্কের রাস্তা থেকে 600,000টি গ্যাস চালিত গাড়ি সরানোর সমতুল্য

নতুন 2 বিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রামের জীবনকালে গ্রাহকরা ইউটিলিটি বিল বাবদ 13 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সঞ্চয় করবেন

নিউ ইয়র্ক স্টেট এখন পরিচ্ছন্ন তাপ এবং শক্তি দক্ষতার ব্যবস্থায় 6.8 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ শক্তি দক্ষতা এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৈদ্যুতিকরণ উদ্যোগ তৈরি করার জন্যঅতিরিক্ত 2 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) নিউ ইয়র্কে শক্তি খরচ নাটকীয়ভাবে কমাতে শক্তির দক্ষতা এবং ইলেকট্রিক হিট পাম্পের এক উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রার সেট অনুমোদন করেছে। বিনিয়োগকারীর মালিকানাধীন ইউটিলিটিগুলির জন্য নতুন লক্ষ্যমাত্রা নিউ ইয়র্কের বাসিন্দারা এবং ব্যবসাগুলি কিভাবে তাদের বাড়ি এবং তাদের ঘর ও অফিস ঠান্ডা রাখেন তার রুপান্তরণের জন্য 2 বিলিয়ন মার্কিন ডলারের বাজার-সক্রিয়কারী বিনিয়োগ নিয়ে আসবে এবং রাজ্য জুড়ে পরিচ্ছন্ন এবং স্বাস্থ্যসম্মত ভবন ও সম্প্রদায়ের দিকে অগ্রসর হতে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA), নিউইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA), লং আইল্যান্ড পাওয়ার অথরিটির (Long Island Power Authority, LIPA) সাথে একত্রে এবং দক্ষতার উপর আগের PSC-র নির্দেশ মেনে নিউ ইয়র্ক স্টেট এখন শক্তির দক্ষতা এবং পরিচ্ছন্ন তাপের জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করছে 2025 সাল থেকে 2020 সাল অবধি। এই ঐতিহাসিক বিনিয়োগ নিউ ইয়র্কের গ্রিন নিউ ডিল (Green New Deal) কৌশল এবং জাতি-নেতৃস্থানীয় ম্যান্ডেট সমর্থন করে সারা রাজ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 2050 সালের মধ্যে 85 শতাংশ হ্রাস করতে এবং অর্থনীতি-বিস্তৃত কার্বন নিরপেক্ষতা অর্জন করার জন্য।

"জলবায়ু পরিবর্তন নিউ ইয়র্কের পরিবেশ ও অর্থনীতি এবং আমাদের জনগণের স্বাস্থ্যের জন্য একটি সত্যিকারের এবং ক্রমবর্ধমান ঝুঁকি, এবং আমরা ইতিমধ্যেই আবহাওয়া সম্পর্কিত নেতিবাচক প্রভাব অনুভব করছি জরুরী অবস্থার বর্ধিত আকারে," **গভর্নর কুওমো বলেন।** "এই ঐতিহাসিক বিনিয়োগ দেখাচ্ছে আমরা আক্রমণাত্মকভাবে জ্বালানির বিকল্প অনুসরণ করছি জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা কমাতে, পরিচ্ছন্ন শক্তির শিল্পে কাজ বাড়াতে এবং বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের পরিবেশ রক্ষা করতে।"

এই অতিরিক্ত প্রতিশ্রুতির মাধ্যমে নিউ ইয়র্ক রাজ্য এখন থেকে 2025 সাল পর্যন্ত 6.8 বিলিয়িন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করছে নির্গমন হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তন রোধের জন্য ভবনগুলোতে ক্লিন হীট এবং এনার্জি দক্ষতা প্রযুক্তি মোতায়েন করতে। নিউ ইয়র্ক রাজ্য এনার্জি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (NYSERDA) ক্লিন এনার্জি ফান্ডের (Clean Energy Fund) আওতায় 1.2 বিলিয়িন মার্কিন ডলার এনার্জি দক্ষতা ব্যবস্থা ও হীট পাম্পের প্রতি অনুগত হবে। উপরন্তু, 2025 সালের মধ্যে, নিউ ইয়র্ক পাওয়ার কর্তৃপক্ষ (NYPA), তাদের রাজ্য ব্যাপী পৌর এবং রাজ্য সংস্থার গ্রাহকদের জন্য এনার্জি দক্ষতা উদ্যোগের প্রতি 1.5 বিলিয়িন মার্কিন ডলার ব্যয় করবে। লং আইল্যান্ডে, লং আইল্যান্ড পাওয়ার কর্তৃপক্ষ (LIPA) তাদের আবাসিক ও ব্যবসায়ী গ্রাহকদের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করবে। এই কমিশনের আদেশ অতিরিক্ত ইউটিলিটি এনার্জি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ কর্মে প্রায় 2 বিলিয়িন মার্কিন ডলার পরিচালিত করবে: বৈদ্যুতিক এনার্জি দক্ষতার জন্য 893 মিলিয়ন মার্কিন ডলার; 553 মিলিয়ন মার্কিন ডলার গ্যাস এনার্জি দক্ষতার জন্য; এবং হীট পাম্পের জন্য 454 মিলিয়ন মার্কিন ডলার 2025 সাল পর্যন্ত। উপরন্তু, এই কমিশন 2025 সাল পর্যন্ত ইউটিলিটি এনার্জি দক্ষতা কার্যক্রমের বিদ্যমান মাত্রা সমর্থনের তহবিলে মোট 1.3 বিলিয়িন মার্কিন ডলার পুনরায় অনুমোদন করেছে, যার মানে আজকের সিদ্ধান্তের ফলে 2025 সাল পর্যন্ত এনার্জি দক্ষতা এবং ভবন বৈদ্যুতীকরণের জন্য বিনিয়োগকারীদের মালিকানাধীন ইউটিলিটি বিনিয়োগ 3 বিলিয়িন মার্কিন ডলারের উপর এসে দাঁড়াবে, যা রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের আরও পরিচ্ছন্ন ভবন ও আরও স্বাস্থ্যকর সম্প্রদায় গড়তে সাহায্য করবে।

এই আদেশ নিউ ইয়র্কের ক্লিন এনার্জি অর্থনীতির বৃহত্তম অংশ হিসেবে রাজ্য জুড়ে এনার্জি দক্ষতার কাজের সংখ্যা আরও বাড়াতে পারে বলে আশা করা হচ্ছে। 2018 সালে, 123,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীদের এনার্জি দক্ষতা খাতে নিযুক্ত করা হয়েছে। এই নতুন বিনিয়োগের মাধ্যমে, এনার্জি দক্ষতায় কাজের প্রবৃদ্ধি এবং অর্থনৈতিক সুযোগ আগামী পাঁচ বছরে আরো ত্বরান্বিত হবে বলে আশা করা হচ্ছে, যা নিউ ইয়র্ক রাজ্যকে টেকসই ভবন প্রযুক্তির জন্য অগ্রণী বাজার হিসেবে গড়ে তুলবে।

আজ অনুমোদিত এই নতুন এনার্জি দক্ষতা এবং বৈদ্যুতীকরণের কর্মসূচিগুলি নিউ ইয়র্কের ক্লিন এনার্জি লক্ষ্যগুলি পূরণ করতে উল্লেখযোগ্য অবদান রাখবে। আজকের লক্ষ্যমাত্রা, অন্যান্য রাজ্য উদ্যোগের সঙ্গে মিলে, 2025 সালের মধ্যে বার্ষিক বৈদ্যুতিক ব্যবহারের তিন শতাংশ হ্রাস করবে এবং বার্ষিক গ্যাস ব্যবহারের 1.3 শতাংশ হ্রাস করবে। এই ইউটিলিটি বিনিয়োগ নিউ ইয়র্কের

এনার্জি দক্ষতা কৌশলের একটি ভিত্তি এবং এর ফলে নিউ ইয়র্কের এনার্জি সঞ্চয় লক্ষ্যের দিকে যথেষ্ট অগ্রগতি হবে।

এনার্জি দক্ষতা উন্নয়ন এবং হীট পাম্পের মত উদ্ভাবনী উত্তাপন ব্যবস্থা, এনার্জি ব্যবহার হ্রাস করে এবং মোট এনার্জি বিলে ভোক্তাদের টাকা বাচায়। এনার্জি দক্ষতা যখন নিউ ইয়র্কের এনার্জি ব্যবস্থা এবং অবকাঠামোর মধ্যে সমন্বিত হয়, সেটি অনেক দীর্ঘমেয়াদী সুবিধা প্রদান করে, যেমন বেস লোড এবং পিক চাহিদা হ্রাস করা এবং অতিরিক্ত শক্তি উৎপন্ন করার প্রয়োজন কমানো-জীবাশ্ম জ্বালানি --এবং সঞ্চালন লাইন সহ, সিস্টেমের সামগ্রিক খরচ কমিয়ে ক্রেতাদের লাভবান করে।

সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাক্সেস, স্কেল এবং পরিষেবা উন্নত করতে, অতিরিক্ত তহবিলের 289 মিলিয়ন মার্কিন ডলার নিম্ন-মধ্যপন্থী আয় (Low-Moderate Income, LMI) এনার্জি দক্ষতা কার্যক্রমের জন্য নিবেদিত হবে। এই বৃদ্ধির পাশাপাশি, নিম্ন-মধ্যপন্থী আয় (LMI) - সংক্রান্ত হীট পাম্পের উদ্যোগের জন্য অতিরিক্ত 30 মিলিয়ন মার্কিন ডলার সমর্পন করতে নিউ ইয়র্ক রাজ্য এনার্জি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষকে (NYSERDA) নির্দেশ দিয়েছে এই কমিশন। এই ক্রমবর্ধমান অর্থায়ন বিদ্যমান নিম্ন-মধ্যপন্থী আয় (LMI) এনার্জি দক্ষতা প্রচেষ্টার জন্য যোগনীয় এবং প্রায় 250 মিলিয়ন মার্কিন ডলারের বার্ষিক ইউটিলিটি বিল ক্রেডিট যা ক্রয়সংক্রান্ত কার্যক্রমের (Affordability Program) মাধ্যমে প্রদান করা হয় যেটি এনার্জির বোঝা প্রতি সংসারের আয়ের ছয় শতাংশের মধ্যে সীমিত করার লক্ষ্য রাখে। এই নিবেদিত অর্থায়ন এবং বিনিয়োগ শুধুমাত্র সবচেয়ে অসুরক্ষিত নিউ ইয়র্কারদের এনার্জির দক্ষতা এবং হোম হিটিং পরিচ্ছন্ন প্রযুক্তির অ্যাক্সেসই প্রদান করে না, পরিচ্ছন্ন শক্তি রূপান্তরণে অংশগ্রহণ করতে এবং তাদের এনার্জি বিল পরিচালনা করার জন্য নতুন সুযোগও প্রদান করে।

উপরন্তু, নিউ ইয়র্কের ইলেকট্রিক ইউটিলিটি এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (NYSERDA) -কে যৌথভাবে একটি সামঞ্জস্যপূর্ণ রাজ্যব্যাপী হিট পাম্প প্রোগ্রাম কাঠামো গড়ে তোলার জন্য তাদের পরিষেবা অঞ্চলের ইউটিলিটির দ্বারা পরিচালনা করতে নির্দেশ দেওয়া হয় এবং লং আইল্যান্ড পাওয়ার অথোরিটির (LIPA)-র সঙ্গে মিলিত 4.6 TBtu একটি সর্বনিম্ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করে রাজ্য জুড়ে হিট পাম্পের স্থাপনার থেকে সঞ্চয়ের জন্য।

কমিশনের এই সিদ্ধান্ত বিনিয়োগকারীদের মালিকানাধীন ইউটিলিটি, NYSERDA, NYPA এবং LIPA-এর সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে এনার্জির দক্ষতা এবং ভবন বৈদ্যুতীকরণের জন্য একটি ব্যাপক পদ্ধতির প্রয়োজনীয়তা প্রদর্শন করে।

NYSERDA
NYSERDA মার্কেট উন্নয়ন কার্যক্রমে আনুমানিক 200 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে সচেষ্ট হবে যা ইউটিলিটি ইনসেন্টিভ প্রোগ্রামকে সুবিধা প্রদান করবে যা একটি স্টেটওয়াইড ক্লিন হিটিং এবং কুলিং মার্কেট ফ্রেমওয়ার্ক তৈরী করবে যা ভিত্তি স্থাপন করবে যার উপর নিউ ইয়র্ক তার ভবন বৈদ্যুতীকরণ কৌশল এবং একটি নেট জিরো কার্বন বিল্ডিং ভবিষ্যতে প্রণয়ন

করবে। 2025-এর মধ্যে এনার্জি দক্ষতা ও হিট পাম্পে NYSERDA-র বিনিয়োগ হবে মোট 1.2 বিলিয়ন ডলার।

নিউ ইয়র্কের বিদ্যমান ক্লিন হিটিং এবং কুলিং প্রোগ্রামের উপর NYSERDA-র মার্কেট বিকাশ সাপোর্ট তৈরি করবে এবং নতুন উদ্যোগের অন্তর্ভুক্ত হবে ভোক্তা সচেতনতা উন্নতির জন্য এ বছর শুরু হবে বলে আশা করা হচ্ছে, পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং শিল্পে দক্ষ শ্রমিকের সংখ্যা বৃদ্ধি করবে, বাসিন্দাদের এবং ব্যবসায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে এবং পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং সমাধান প্রদান করবে যা নিম্ন এবং মাঝারি আয়ের ভোক্তাদের উপকার করবে।

NYPA
নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির এনার্জি দক্ষতা প্রোগ্রাম বেড়ে চলেছে নিউ ইয়র্ক স্টেটের এনার্জি লক্ষ্যের সমর্থন করতে। NYPA 1.5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থায়ন এবং বাস্তবায়নের পরিকল্পনা করেছে নিউ ইয়র্ক রাজ্য জুড়ে এনার্জি দক্ষতার ব্যবস্থার জন্য 2025 সালের মধ্যে রাষ্ট্রে, স্থানীয় এবং পৌর সরকারী ফ্যাসিলিটিতে, তাদের প্রোগ্রাম বিকাশ অব্যাহত রেখে বার্ষিক 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত। শক্তি দক্ষতার ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে হিট পাম্প, নতুন উচ্চ দক্ষতার বয়লার প্রতিস্থাপন, আপডেট করা নিয়ন্ত্রণসমূহ, HVAC আপগ্রেড যা প্রাকৃতিক গ্যাস খরচ এবং সম্পর্কিত পরিচ্ছন্ন শক্তি সমাধান হ্রাস করবে।

উপরন্তু, NYPA গ্রাহকদের বৈদ্যুতিক হিট পাম্প স্ক্রিনিং মূল্যায়ন প্রদান করছে বিনামূল্যে এবং তার গ্রাহকদের জন্য একটি প্রদর্শন প্রকল্প পরিচালনা করছে বৈদ্যুতিক হিট পাম্প সলিউশনের জন্য বিনামূল্যে। নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (NYPA) উচ্চতর দক্ষতা সম্পন্ন ভবনের উদ্দেশ্যে অগ্রসর হওয়ার জন্য এবং (State University of New York, SUNY) গ্রিনহাউস গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্য অর্জনে SUNY সাথে সহযোগিতা করে উদাহরণ স্থাপন করছে এবং নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority) সাথে হাত মিলিয়ে টার্নকি পরিষেবা এবং অর্থায়নের মাধ্যমে পুরানো হিটিং সিস্টেম আপগ্রেড করার জন্য কাজ করছে।

লং আইল্যান্ড পাওয়ার অথোরিটি (LIPA)
আগামী পাঁচ বছর ধরে, LIPA জ্বালানী দক্ষতা এবং উপকারী বৈদ্যুতিকরণ উদ্যোগের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে তার 1.1 মিলিয়ন গ্রাহকদের জন্য।

পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি জন বি. রোডস বলেন, "শক্তির দক্ষতা গো-টু সংস্থান - আপনি ব্যবহার করেন না যে সংস্থান তা সব চেয়ে সস্তা হয় সাধারণত - এবং আমাদের এই সমাধান আক্রমণাত্মকভাবে অনুসরণ করতে হবে। গভর্নর কুওমো আমাদের পরিবেশ রক্ষা ও উন্নত করার অঙ্গীকারে অবিচল থেকেছেন। শক্তি দক্ষতা উন্নত করা এবং হিট পাম্প ইনস্টলেশনের জন্য আজকের পদক্ষেপ খরচ হ্রাস করবে, শক্তি হ্রাস করবে এবং কার্বন হ্রাস করবে।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেন, "অভূতপূর্ব গতিতে এনার্জি খরচ অতিরিক্তভাবে হ্রাস করতে এবং এনার্জি দক্ষতার উদ্যোগগুলিকে স্কেল আপ করতে আজকের অঙ্গীকার

গভর্নর কুওমোর তুলনাহীন জলবায়ু নেতৃত্বকে আরো প্রমান করে এবং তাঁর সাশ্রয়ী মুল্যের পরিচ্ছন্ন এনার্জি সমাধানগুলিকে যতটা সম্ভব নিউ ইয়রকার্দের কাছে উপলব্ধ করার জন্য প্রতিশ্রুতিকে শক্তিশালী করে। আজ ঘোষিত হওয়া NYSERDA উদ্যোগ আমাদের অগ্রগতিকে অতিরিক্তভাবে দ্রুততর করবে নতুন, পরিচ্ছন্ন বিকল্পকে স্কেল আপ করার মধ্যে বাসিন্দাদের ও ব্যবসার জন্য তাদের ঘর ও ফ্যাসিলিটিগুলিকে গরম এবং শীতল করার জন্য, এবং এনার্জি ক্রয়ক্ষমতা নিশ্চিত করবে নিম্ন ও মাঝারি আয়ের গ্রাহকদের জন্য যারা স্বাস্থ্যকর, দক্ষ সমাধান চান তাদের বাসস্থানের জন্য।"

NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গিল সি. কুইনিওনেস বলেন, "NYPA আমাদের সরকারি গ্রাহকদের আরো পরিচ্ছন্ন ও শক্তি সাশ্রয়ী প্রযুক্তিতে রূপান্তরের জন্য সহায়তা করার জন্য বার্ষিক শত কোটি ডলার বিনিয়োগ করছে। নিউ ইয়র্ক রাজ্য জুড়ে শক্তি দক্ষতা বৃদ্ধি একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতি অর্জন এবং রাজ্যের কার্বন পদচিহ্ন খর্ব করার জন্য গুরুত্বপূর্ণ।"

LIPA-র নির্বাহী কর্মকর্তা টম ফ্যালকোন বলেন, "গভর্নর কুওমোর শক্তি দক্ষতার প্রতি প্রতিশ্রুতি পরিবেশ এবং আমাদের গ্রাহকদের ওয়ালেট, উভয় জন্য ভাল। LIPA শক্তি দক্ষতা এবং পরিচ্ছন্ন শক্তিতে 1.4 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছেন এবং আমাদের গ্রাহকদের অর্থ এবং পরিবেশ বাঁচাতে সাহায্য করার জন্য আগামী পাঁচ বছরে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ (Green New Deal) দেশের জলবায়ু পরিবর্তনের সংশ্লিষ্ট কর্মসূচিগুলোর মধ্যে সব চেয়ে উচ্চাভিলাষী এবং এই কর্মসূচি বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, ভবন, শিল্প ও কৃষিসহ অর্থনীতির সব খাতে সম্পূর্ণরূপে কার্বন-নিরপেক্ষ হওয়ার পথে এই রাজ্যকে পরিচালিত করে। গভর্নরের এই কর্মসূচি 2040 সালের মধ্যে বিদ্যুৎ খাতে শূন্য-কার্বন নির্গমন অর্জনের লক্ষ্যও নির্ধারণ করে যা দেশের অন্যান্য অঙ্গরাজ্যের তুলনায় দ্রুততর। 2019 সালে পাস হওয়া জলবায়ু নেতৃত্ব এবং সমাজ সুরক্ষা আইনটি (Climate Leadership and Community Protection Act, CLCPA) গভর্নরের উচ্চাকাঙ্ক্ষী গ্রিন নিউ ডিলের বেশ কয়েকটি পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বাধ্যতামূলক করে: 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট ডিস্ট্রিবিউটেড সোলার ইন্সটল করা; 2030 সালের মধ্যে তিনটি গিগাওয়াট শক্তি সংরক্ষণ এবং 2035 সালের মধ্যে অন্তত নয় গিগাওয়াট অফশোর বায়ুশক্তির ব্যবস্থা করা। এছাড়াও CLCPA পরিচ্ছন্ন বিদ্যুতের সুশৃঙ্খল ও যথাযথ সঞ্চালন পদ্ধতি তৈরি ও কর্ম সৃজনের পাশাপাশি সবুজ অথনীতি বিকাশের আহ্বান জানিয়েছে। এটি পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে নিউইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ রাজ্য জুড়ে 46টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ, নিউইয়র্কের পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে সৃষ্ট 150,000 এর বেশি কর্মসংস্থান এবং বন্টনযোগ্য সৌর খাতে 2012 সাল থেকে 1,700% প্রবৃদ্ধির ভিত্তির উপর প্রতিষ্ঠিত। CLCPA নিউইয়র্ক স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষসমূহকে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 এর পর্যায় থেকে 2050 সালের মধ্যে 85% এ কমিয়ে আনতে এবং অবহেলিত কমিউনিটিসমূহের সুবিধার্থে 40 শতাংশ পরিচ্ছন্ন বিদ্যুৎ এবং বিদ্যুৎ সাশ্রয়ী সম্পদে বিনিয়োগের লক্ষ্যে কাজ করার পরিকল্পনা প্রণয়নের জন্য, স্টেকহোল্ডারদের সাথে যৌথভাবে কাজ করার নির্দেশ দিয়েছে।

রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision, REV)
CLCPA গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর ল্যান্ডমার্ক রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision) কৌশলের উপর ভিত্তি করে গঠন করে পরিবেশ পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে এবং নিউ ইয়র্কের অর্থনীতি বৃদ্ধি করতে। REV সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আরো পরিচ্ছন্ন, আরো সহনশীল এবং সাশ্রয়ী শক্তির সিস্টেম তৈরি করছে পরিচ্ছন্ন প্রযুক্তিতে, যেমন সোলার, বাতাস, এবং শক্তির দক্ষতাতে বিনিয়োগ বৃদ্ধি করে। ইতিমধ্যেই, REV স্টেট জুড়ে সৌর বাজারকে প্রায় 1,700 শতাংশ বৃদ্ধি করেছে, ব্যক্তিগত বিনিয়োগে প্রায় 3.4 বিলিয়ন মার্কিন ডলার লিভারেজ করেছে, 1.65 মিলিয়ন নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তি সামর্থ্যের মধ্যে নিয়ে এসেছে, এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে উৎপাদন, প্রকৌশল ও অন্যান্য পরিচ্ছন্ন প্রযুক্তির ক্ষেত্রে 150,000 লোকের কর্মসংস্থান করেছে।

REV সম্পর্কে আরো জানতে, দেখুন rev.ny.gov, আমাদের অনুসরণ টুইটার, ফেসবুক, এবং লিঙ্কডিনে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন